দৈনিক বাংলা

তারিখ ... ২২/৭/৭৪ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

005

# পঞ্চম শ্রেণী পর্যন্ত নোটবই নিষিদ্ধ করার সিদ্ধান্ত

শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ বৃহস্পতিবার জানান, সরকার পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাথমিক ছাত্রদের নোটবই প্রকাশ নিষিদ্ধ ঘোষণার সিদ্ধান্ত নিয়েছেন।

কুমিল্লার ঢাকাস্থ মতলব থানা ছাত্র, শ্রমিক ও বুদ্ধিজীবী সমিতির উদ্যোগে ঢাকা জেলা ক্রীড়া সমিতি মিলনায়তনে মন্ত্রী তাঁর সম্মানে আয়োজিত এক সম্বর্ধনা সভায় বক্তৃতা করছিলেন।

শিক্ষামন্ত্রী জনাব জাফর বলেন, নোটবই নিষিদ্ধ ঘোষণার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা শীগগিরই নেওয়া হবে। এ ব্যাপারে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। খবর বাসসর।

পরে বাংলাদেশ শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক মরহুম জয়নুল আবেদীন চৌধুরীর রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। উল্লেখ্য, মরহুম চৌধুরী ছিলেন মতলব থানার সন্তান।

এই সম্বর্ধনা উপলক্ষে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।